13 APR 2016
8 6

# ব্রিটিশ কাউন্সিলের বৃত্তি পেলেন ৪ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

চার শিক্ষার্থীকে বৃত্তি দিয়েছে ব্রিটিশ কাউন্সিল। গতকাল মঙ্গলবার দুপুরে ফুলার রোডে ব্রিটিশ কাউন্সিল কার্যালয়ে এক অনুষ্ঠানে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এ বৃত্তি প্রদান করেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- আদিনা জারজিন খান, সোয়াইবা আমিনা সালাহউদ্দিন, দীপিকা দেব দীপা ও তাসনীম খন্দকার। বৃত্তিপ্রাপ্তদের মধ্যে দু'জন কানাডা এবং বাকি দু'জন যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে পড়বেন। ব্রিটিশ কাউন্সিল এবং আইইএলটিএস অস্ট্রেলিয়া ও 'কেমব্রিজ ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট (আইডিপি)-এর যৌথ অংশীদারিত্বে এ বৃত্তির কার্যক্রম পরিচালিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার শিরীন শারমিন চৌধুরী বলেন, আন্তর্জাতিকভাবে স্বীকৃত পরীক্ষায় অসাধারণ নৈপুণ্য প্রদর্শনের মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা উচ্চশিক্ষা গ্রহণে দেশের বাইরের বিশ্ববিদ্যালয়ে যাচ্ছে, এটা অত্যন্ত আনন্দের।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সুযোগের সদ্ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা যেন সৎ, মানবিক ও দেশপ্রেমিক মানুষ হিসেবে গড়ে ওঠে।